

কমিটিতে থাকতে অনশনে ছাত্রদলের বিবাহিতরা

নিজস্ব প্রতিবেদক

৩১ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ৩১ অক্টোবর ২০১৯ ০১:০৭

ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটিতে স্থান পেতে আমরা অনশনে বসেছেন বিবাহিত নেতারা। গতকাল বুধবার বেলা সাড়ে ১১টা থেকে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের প্রধান ফটকের সামনে তারা অবস্থান নেন। ৩০ থেকে ৩৫ জন সাবেক ছাত্রনেতার অনশন কর্মসূচির ব্যানারে দাবি-দাওয়ার পাশাপাশি দলের কারাবন্দি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির দাবির কথাও বড় অক্ষরে লেখা ছিল।

এ সময় কার্যালয়ের তৃতীয় তলায় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাদের যৌথসভা চলছিল। তাই সেখানে উপস্থিত ছিলেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। দুপুর ১টা ৩৭ মিনিটে কার্যালয় থেকে বেরিয়ে যাওয়ার সময় মহাসচিব অনশনকারীদের সামনে গিয়ে হাত নেড়ে সান্ত্বনা দিয়ে গাড়িতে উঠে চলে যান। তবে জানতে চাইলে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদলের প্রচার সম্পাদক জুয়েল মুধা আমাদের সময়কে বলেন, ‘মহাসচিব আমাদের আশ্বস্ত করেছেন, বিষয়টি দেখবেন। এ নিয়ে ভারপ্রাপ্ত চেয়ারম্যানের সঙ্গে তিনি কথা বলবেন।’

অনশনে থাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের এসএম হল ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মুজাহিদ রহমান বলেন, ‘আমরা ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটিতে স্থান পেতে চাই। আমাদের নিতে হবে। এ দাবি না মানা পর্যন্ত কর্মসূচি চলবে।’ ছাত্রদলের সাবেক কমিটির স্কুলবিষয়ক সম্পাদক আরাফাত বিল্লাহ খান বলেন, ‘বিবাহিতরা কাউন্সিলে অংশ নিতে পারবে না বলে আমাদের বাদ দেওয়া হয়। আমরা এখন ছাত্রদলের সাংগঠনিক অভিভাবক তারেক রহমানের হস্তক্ষেপ কামনা করছি। আমাদের দাবি না মেনে যদি কমিটি গঠন করা হয়, তা আমরা মেনে নেব না।’

advertisement

এদিকে অনশনে ছাত্রদলের বিবাহিত নেতাদের মধ্যে বাবুল আখতার শান্ত, কামাল আহমেদ, সানোয়ার আলম, মাইনুল ইসলাম, মাহমুদুল আলম শাহিন, শিহাবুর রহমান, বেলাল হোসেন, মাহফজুল ইসলামসহ আরও অনেকেই ছিলেন। তারা জানান, বিষয়টি নিয়ে ছাত্রদলের নতুন সভাপতি ফজলুর রহমান খোকন ও সাধারণ সম্পাদক ইকবাল হোসেন শ্যামলের সঙ্গে কথা বলেছেন। ওই দুই নেতা জানিয়েছেন, সংগঠনের অভিভাবকসহ সিনিয়র নেতাদের সঙ্গে কথা বলে সিদ্ধান্ত নিবেন।